বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
একাউন্টস ও রিপোর্ট উইং
অডিট ভবন
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
www.ocag.org.bd

নং-সিএজি/রি-২/মাসিক সভা/৪৯১(৬)/৯৪১ তারিখ: ১১-১০-২০১৮ খ্রিঃ।

সার্কুলার

বিষয়ঃ বিদ্যমান রিপোর্টিং ফরমেটে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর 'প্রত্যয়ন' এর পরিবর্তে 'মুখবন্ধ' ব্যবহার প্রসংগে।

মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশের লক্ষ্যে যে সকল অডিট রিপোর্ট চূড়ান্ত করা হয় সে সকল রিপোর্টের ১ম খন্ডে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর 'প্রত্যয়ন' এর পরিবর্তে 'মুখবন্ধ' ব্যবহৃত হবে। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক স্বাক্ষরিত এ মুখবন্ধে যথাযথ আইনি কাঠামো ও ম্যান্ডেটের উল্লেখ থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় বিদ্যমান নিরীক্ষা প্রত্যয়ন বাতিলপূর্বক সংযোজনী (ক-গ) অনুযায়ী নমুনা মুখবন্ধ প্রণয়ন করা হলো।

২॥ ২০১৭-২০১৮ অর্থ বছরের পূর্ব পর্যন্ত যে সকল অর্থ বছরের হিসাবের উপর বার্ষিক, বিশেষ ও ইস্যুভিত্তিক সহ সকল খসড়া রিপোর্ট সিএজি কর্তৃক অনুমোদনের জন্য অপেক্ষমান রয়েছে সে সকল রিপোর্টসমূহের জন্য এ নমুনা মুখবন্ধ প্রযোজ্য হবে।

৩॥ শুধুমাত্র Government Budgetary Sector এর অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহের জন্য নমুনা মুখবন্ধের সংযোজনী-'ক'; শুধুমাত্র Public Sector Undertakings এর অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহের জন্য সংযোজনী-'খ' এবং Extra Budgetary Sector এর অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহের জন্য সংযোজনী-'গ' প্রযোজ্য হবে।

৪॥ যে সকল রিপোর্টে প্যারা-৩ এ বর্ণিত সেক্টরসমূহের সমন্বয় থাকবে সে সকল রিপোর্টের মুখবন্ধের জন্য সংযোজনী-'গ' প্রযোজ্য হবে।

৫॥ বিদ্যমান রিপোর্টের ১ম খন্ডে সংশ্লিষ্ট মহাপরিচালকের বক্তব্য অংশ বাদ যাবে। তবে ১ম খন্ডের ২য় অধ্যায়ের শেষে এবং ২য় খন্ডের শেষে সংশ্লিষ্ট মহাপরিচালকের স্বাক্ষর বহাল থাকবে।

৬॥ নিরীক্ষার প্রকৃতি ও নিরীক্ষা ফাইন্ডিংস এর ধরনের উপর নির্ভর করে নমুনা মুখবন্ধের প্যারা-৩ এর বক্তব্য সংশ্লিষ্ট নিরীক্ষা অধিদপ্তর পর্যায়ে পরিবর্তন, পরিমার্জন, সংশোধন, সংযোজন ও বিয়োজন করা যাবে।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের অনুমোদনক্রমে এ সার্কুলার জারী করা হলো।

সংলগ্নী : বর্ণনামতে।

১১/১০/২০১৮
(মোঃ ফিরোজ খান)
সহকারী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (রিপোর্ট)
ফোন: ৯৩৩৩১৪৬

অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
৪. মহাপরিচালক, ফিনান্সিয়াল ম্যাজেনমেন্ট একাডেমী (ফিমা), লালসরাই, মিরপুর, ঢাকা।
৫. মহাপরিচালক (স্থানীয় ও রাজস্ব/ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প /প্রতিরক্ষা/পূর্ত/বাণিজ্যিক/ সিভিল/ রেলওয়ে/ পিটিএসটি/ দূতাবাস/ পারফরমেন্স অডিট অধিদপ্তর), সেগুনবাগিচা, ঢাকা।
৬. এডিসিএজি/পরিচালক [প্রশাসন/ পার্সোনেল/ পদ্ধতি/ সংসদ/ এআরএন্ডডি/ কিউএসি/ এমআইএস (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)]
৭. এসিএজি/উপ-পরিচালক (অডিট/ হিসাব/ আরআরইউ/ রি-অর্গান/ এআরএন্ডডি/ একিউএসি/ এমআইএস/পরীক্ষা ও পরিদর্শন), সিএজি কার্যালয়, ঢাকা।
৮. কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের একান্ত সচিব, সিএজি কার্যালয়, ঢাকা।
৯. পিএ টু ডিসিএজি (সিনিয়র/ এএন্ডআর/ পদ্ধতি), সিএজি কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

C:\Users\hasiburr\Desktop\ACAG(Report)-2018\491(6)-A4.docx

সংযোজনী -'ক'

(শুধুমাত্র Budgetary Sector এর অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহের জন্য)

মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব নিরীক্ষা করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। -------------------------- মন্ত্রণালয়/ বিভাগ ও এর নিয়ন্ত্রণাধীন ------------------------- প্রতিষ্ঠানের -------------- অর্থ বছরের আর্থিক কার্যক্রমের ওপর ------------------- অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে নিরীক্ষাপূর্বক এ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুত্বপূর্ণ অনিয়মসমূহ সংশ্লিষ্ট অংশীজনের নজরে আনয়ন করাই এ নিরীক্ষার মূল উদ্দেশ্য।

৩। নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পূনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়ন না করা বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এ প্রতিবেদনে প্রতিফলিত হয়েছে।

৪। এ প্রতিবেদনে অন্তর্ভুক্ত ------- টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ অফিস প্রধানসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের মূখ্য হিসাবদানকারী কর্মকর্তা বরাবর উপস্থাপন করা হয়েছে এবং প্রাপ্তি সাপেক্ষে তাঁদের লিখিত জবাব বিবেচনাপূর্বক এ প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে।

৫। এ নিরীক্ষা সম্পাদন ও প্রতিবেদন প্রণয়নে বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক জারীকৃত Government Auditing Standards অনুসরণ করা হয়েছে।

৬। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এ নিরীক্ষা প্রতিবেদন মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ: -------------- বঙ্গাব্দ / -------------- খ্রিষ্টাব্দ ।

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
বাংলাদেশ

C:\Users\hasiburr\Desktop\ACAG(Report)-2018\Audit Certification.docx

সংযোজনী -'খ'

(শুধুমাত্র PSUs এর অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহের জন্য)

মুখবন্ধ

১। দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫ অনুযায়ী বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক সকল Public Enterprise এর হিসাব নিরীক্ষা করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। --------------------------- মন্ত্রণালয়/বিভাগ ও এর নিয়ন্ত্রণাধীন ------------------------- প্রতিষ্ঠানের -------------- অর্থ বছরের আর্থিক কার্যক্রমের ওপর ------------------- অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে নিরীক্ষাপূর্বক এ প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুত্বপূর্ণ অনিয়মসমূহ সংশ্লিষ্ট অংশীজনের নজরে আনয়ন করাই এ নিরীক্ষার মূল উদ্দেশ্য।

৩। নিরীক্ষিত প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে/ ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়ন না করা বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এ প্রতিবেদনে প্রতিফলিত হয়েছে।

৪। এ প্রতিবেদনে অন্তর্ভুক্ত ------- টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ অফিস প্রধানসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের মূখ্য হিসাবদানকারী কর্মকর্তা বরাবর উপস্থাপন করা হয়েছে এবং প্রাপ্তি সাপেক্ষে তাঁদের লিখিত জবাব বিবেচনাপূর্বক এ প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে।

৫। এ নিরীক্ষা সম্পাদন ও প্রতিবেদন প্রণয়নে বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক জারীকৃত Government Auditing Standards অনুসরণ করা হয়েছে।

৬। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী এ নিরীক্ষা প্রতিবেদন মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ: -------------- বঙ্গাব্দ / -------------- খ্রিষ্টাব্দ ।

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
বাংলাদেশ

C:\Users\hasiburr\Desktop\ACAG(Report)-2018\Audit Certification.docx